দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 30 APR 1998
পৃষ্ঠা 12 কলাম

035

# এসএসসি পরীক্ষা মূল্যায়ন

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং জেলা প্রশাসকদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সম্প্রতি অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার মূল্যায়ন এবং সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ভবিষ্যত কর্মপন্থা গ্রহণের ব্যাপারে

৭-এর পাতায় দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

বিস্তারিত আলোচনা করা হয়। খবর তথ্য বিবরণী'র।

সভায় সভাপতির ভাষণে শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষায় নকল প্রবণতা রোধে বর্তমান সরকারের পূর্ণ রাজনৈতিক সদিচ্ছা রয়েছে এবং সরকার পরীক্ষার ক্ষেত্রে সকল প্রকার দুর্নীতি উচ্ছেদে দৃঢ় প্রতিজ্ঞ।

তিনি বলেন, সরকার ছাত্র-ছাত্রীদের মেধা ও জ্ঞানের প্রকৃত মূল্যায়নের জন্য এবং জ্ঞান অর্জনের দিকে তাদের আগ্রহ বৃদ্ধির লক্ষ্যে পরীক্ষা ক্ষেত্র থেকে সকল প্রকার দুর্নীতি উচ্ছেদে বদ্ধপরিকর এবং এ লক্ষ্যে ইতিমধ্যেই বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।